

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
অধিশাখা-৬  
[www.mole.gov.bd](http://www.mole.gov.bd)

নং-৪০.০০.০০০০.০১৬.৩২.০২১.২০১৩/(অংশ-১)/০৯

১৯ পৌষ, ১৪২০ বঙ্গাব্দ  
তারিখঃ-----  
০২ জানুয়ারি, ২০১৪ খ্রিঃ।

বিষয়ঃ বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা-১০৮ মোতাবেক ঠিকা-হার (পিস রেট) শ্রমিকদের ওভারটাইম ভাতার প্রাপ্যতা সংক্রান্ত ব্যাখ্যা প্রসঙ্গে।

সূত্রঃ পত্র নং-বিজিএ/শ্রম/২০১৩/২৬৩১৯ তারিখঃ ১৫ ডিসেম্বর, ২০১৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধন ২০১৩) এর ধারা-১০৮ (২) এর বিধানের আলোকে ঠিকাহার (পিস রেট) শ্রমিকদের ওভারটাইমের প্রাপ্যতা সংক্রান্ত বিষয়ে নিম্নরূপ সুস্পষ্টীকরণ করা হলোঃ

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা-১০৮ হচ্ছে অধিকাল ভাতা ও এতদসংক্রান্তে ঠিকা-হার (পিস রেট) বিষয় সম্পর্কিত। ১০৮ ধারার বিধান নিম্নরূপঃ


ধারা-১০৮। অধিকাল কর্মের জন্য অতিরিক্ত ভাতা।

- (১) যে ক্ষেত্রে কোন শ্রমিক কোন প্রতিষ্ঠানে কোন দিন বা সপ্তাহে এই আইনের অধীন নির্দিষ্ট সময়ের অতিরিক্ত সময় কাজ করেন, সে ক্ষেত্রে তিনি অধিকাল কাজের জন্য তাহার মূল মজুরী ও মহার্ঘভাতা এবং এডহক অন্তবর্তী মজুরী, যদি থাকে, এর সাধারণ হারের দ্বিগুন হারে ভাতা পাইবেন।
- (২) যে ক্ষেত্রে কোন শ্রমিককে কোন প্রতিষ্ঠানে ঠিকা-হার ভিত্তিতে মজুরী দেওয়া হয় সে ক্ষেত্রে মালিক এই ধারার প্রয়োজনে শ্রমিক প্রতিনিধিবৃন্দের সহিত আলোচনাক্রমে যতদূর সম্ভব উক্ত রূপ শ্রমিকগণের গড় উপার্জনের হারের সমান হার নির্ধারণ করিবেন এবং উক্তরূপ নির্ধারিত হার উক্তরূপ শ্রমিকগণের সাধারণ মজুরী হার বলিয়া গণ্য হইবে।
- (৩) এই ধারার বিধান পালন নিশ্চিত করার লক্ষ্যে সরকার কোন প্রতিষ্ঠান কর্তৃক রক্ষণীয় রেজিস্টার বিধি দ্বারা নির্ধারণ করিতে পারিবে।

পরবর্তীতে ২০১৩ সনে বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন, ২০১৩ পাশ হওয়ায় ১০৮ ধারা নিম্নোক্তভাবে সংশোধন করা হয়।

"৩৫। ২০০৬ সনের ৪২ নং আইনের ধারা ১০৮ এর সংশোধন।- উক্ত আইনের ধারা ১০৮ এর উপ-ধারা (২) এর প্রথম পংক্তিতে উল্লিখিত " ঠিকা-হার" শব্দটির পর " (পিস রেট)" শব্দগুলি ও বন্ধনীসমূহ সন্নিবেশ এবং উক্ত দফার শেষে "তবে এইরূপ ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধানাবলী প্রযোজ্য হইবে না।" শব্দগুলি ও দাড়ি সংযোজিত হইবে।"

সুতরাং বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধন ২০১৩) এর বিধান মোতাবেক পিস রেট ভিত্তিতে মজুরী প্রাপ্ত শ্রমিকগণের ওভারটাইম ভাতা প্রাপ্তির কোন সুযোগ নেই।

  
(মহিউদ্দিন আহমেদ খান)  
উপসচিব

সভাপতি  
বিজিএমইএ  
ঢাকা।